

গাব তোমার সুরে দাও সে বীণাযন্ত্র,
শুনব তোমার বাণী দাও সে অমর মন্ত্র ।
করব তোমার সেবা দাও সে পরম শক্তি,
চাইব তোমার মুখে দাও সে অচল ভক্তি ॥
সইব তোমার আঘাত দাও সে বিপুল ধৈর্য,
বইব তোমার ধ্বজা দাও সে অটল সৈর্য ॥
নেব সকল বিশ্ব দাও সে প্রবল প্রাণ,
করব আমায় নিঃস্ব দাও সে প্রেমের দান ॥
যাব তোমার সাথে দাও সে দখিন হস্ত,
লড়ব তোমার রণে দাও সে তোমার অস্ত্র ॥
জাগব তোমার সত্যে দাও সেই আহ্বান ।
ছাড়ব সুখের দাস্য, দাও দাও কল্যাণ ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Bhairav

Visit www.geetabitan.com for notation and other detail